



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.০৫

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৫
১৫ জুলাই ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসি'র বীজআলু হিমাগার, গ্রিন হাউজ, সেন্ট্রাল টিস্যু কালচার ল্যাবরেটরি ও বৃক্ষরোপণ উৎসবের শুভ উদ্বোধন

আজ ১৫ জুলাই, ২০১৮ তারিখে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর গাবতলী মিরপুর খামারস্থ বীজ ভবনে বীজআলু হিমাগার, গ্রিন হাউজ, সেন্ট্রাল টিস্যু কালচার ল্যাবরেটরি ও বৃক্ষরোপণ উৎসবের শুভ উদ্বোধন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে গ্রিন হাউজ ও সেন্ট্রাল টিস্যু কালচার ল্যাবরেটরি উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-১৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আসলামুল হক এমপি এবং তিনি ২০০০ মে.টন ধারনক্ষমতা সম্পন্ন বীজআলু হিমাগারের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ। অতিথিগণ দেশীয় ফলের চারা রোপণের মধ্য দিয়ে বিএডিসি'র বৃক্ষরোপণ উৎসবের শুভ সূচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএডিসি'র চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান।

এছাড়া বৃক্ষরোপণ উৎসবে বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মাহমুদ হোসেন, সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব বরনা বেগম, সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) জনাব মোঃ আব্দুল জলিল ও সংস্থার সচিব জনাব তুলসী রঞ্জন সাহা সহ কৃষি মন্ত্রণালয়, বিভিন্ন সংস্থা, বিএডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় আওয়ামী লীগের ও অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিএডিসিকে পুনরুজ্জীবিত করেছেন। কৃষির উন্নতিকল্পে সরকার বিভিন্ন নীতি গ্রহণ করেছে। আমরা জিএমওতে গিয়েছি, বিটি বেগুনে গিয়েছি। স্বাস্থ্যের কোন ক্ষতি না করে যে কোন বৈজ্ঞানিক আবিষ্কার আমরা গ্রহণ করবো। বিএডিসি পরিশ্রম করে খাদ্য উৎপাদন বাড়িয়েছে। মাননীয় মন্ত্রী সকলে মিলে দেশকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

মাননীয় কৃষিমন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্রমুক্ত সোনার বাংলা গড়ে তোলা। আমরা তাঁর স্বপ্ন বাস্তবায়নে দেশকে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি। খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়ার কারণে মাননীয় প্রধানমন্ত্রী এফএও কর্তৃক সেরেস পদক লাভ করেন। আমরা ব্যাংক ঋণ সহজ করেছি, কৃষকদেরকে ১০ টাকায় ব্যাংক একাউন্ট খোলার সুবিধা দিয়েছি ও সারের দাম কমিয়েছি। বাংলার কৃষির সাম্প্রতিক সাফল্য বিশ্ব স্বীকৃতি দিয়েছে। হাইব্রিডের কারণে আমরা সারা বছর সবজি পাচ্ছি। সবজি উৎপাদনে বাংলাদেশ তৃতীয় স্থানে রয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা-১৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আসলামুল হক বলেন, আওয়ামীলীগ ক্ষমতায় আসলে দেশ খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তির দেশে পরিণত হয়। কৃষিমন্ত্রণালয়ের সকল কর্মকর্তার অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে।

স্বাক্ষরিত

(মোঃ জুলফিকার আলী)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: pro@badc.gov.bd



